

হামদঃ  
“রোজ হাশরে আল্লাহ আমার কোর না বিচার”

কাজী নজরুল ইসলাম

রোজ হাশরে আল্লাহ আমার কোর না বিচার।  
বিচার চাহি না, তোমার দয়া চাহে এ গুণহ্রাস।

আমি জেনে শুনে জীবন ভরে  
দোষ করেছি ঘরে পরে,  
আশা নাই যে যাব তরে বিচারে তোমার।

বিচার যদি করবে কেন রহমান নাম নিলে।  
এ নামের গুণেই তরে যাব, কেন এ জ্ঞান দিলে!

দীন ভিখারি বলে আমি  
ভিক্ষা যখন চাইব স্বামী  
শূন্য হাতে ফিরিয়ে দিতে পারবে না কো আর।

সৌজন্যঃ নজরুল রচনাবলী (ঢাকাঃ বাংলা একাডেমী, ১৯৯৬], পঃ ২৮০-২৮১)